দৈনিক ইত্তেফাক

তারিখ 13 MAR 2008
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# সরকারি কর্মকর্তারা শিক্ষা প্রতিষ্ঠানে যুক্ত হয়ে অনিয়মে জড়াচ্ছেন

## —শিক্ষক কর্মচারী ঐক্য জোট

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের নেতৃবৃন্দ এক বিবৃতিতে বলেছেন, ডিসি, এডিসি ও ইউএনও রাজনৈতিক দলের নেতাদের ন্যায় শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ারম্যান হতে আগ্রহী। সরকারি এসব কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠানে নানা অনিয়মের সঙ্গে জড়িত হয়ে পড়েছেন। ঐক্যজোটের নেতৃবৃন্দ আগামী ২০ মার্চের মধ্যে ডিসি, এডিসি ও ইউএনওদের ৫টির অধিক শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির চেয়ারম্যান না থাকার প্রজ্ঞাপন জারির দাবি জানিয়েছেন। বুধবার সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ মোঃ সেলিম ভুঁইয়াসহ ১২ জন শিক্ষক নেতা এক বিবৃতিতে এ দাবি জানিয়ে বলেন, এ দাবি মানা না হলে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি দেয়া হবে।